ভোরের কাগজ

JUN. 18 2002

# ফরিদপুরে অনার্সের সমাজবিজ্ঞান বিভাগের প্রশ্নপত্র ফাঁস?

ফরিদপুর প্রতিনিধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য অনার্স পার্ট-২ পরীক্ষার সমাজবিজ্ঞান বিভাগের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠেছে। প্রশ্নপত্র ফাঁস আতঙ্কে ভোগা সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের একদল ছাত্রছাত্রী সাংবাদিকসহ

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৩

## ফরিদপুরে অনার্সের সমাজবিজ্ঞান

● শেষের পাতার পর

বিভিন্ন মহলে ছোটাছুটি করে এর প্রতিকার চাইছে।

আগামী বুধবার থেকে অনার্স পার্ট-২ পরীক্ষা শুরু হওয়ার কথা। গতকাল সোমবার সমাজবিজ্ঞান প্রথমপত্রের প্রশ্নপত্র ফাঁসের কথা জানা গেছে।

অন্যদিকে অনেক ছাত্রছাত্রীর হাতে প্রশ্নপত্র দেখার পর অন্য পরীক্ষার্থীরা তা সংগ্রহ করতে নেমে গেছে। তবে মেধাবী ছাত্রছাত্রীরাসহ অন্যান্য বিভাগের ছাত্রছাত্রীরা আতঙ্কে ভুগছে।

সমাজবিজ্ঞান বিভাগের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা দীর্ঘদিনের বলে বিভিন্ন সূত্র থেকে অভিযোগ পাওয়া গেছে। ছাত্রছাত্রীদের কেউ কেউ অভিযোগ করেছে, প্রতি সেশনের পরীক্ষা শুরুর আগে আগে প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। তবে সংবাদ মাধ্যম বা কর্তৃপক্ষের গোচরে তা আসে না। গত মার্চে অনুষ্ঠিত অনার্স পার্ট-১ পরীক্ষা, ২০০১ সালের জুলাই মাসে অনুষ্ঠিত পার্ট-৩ পরীক্ষার সমাজবিজ্ঞান প্রশ্নপত্রও একইভাবে ফাঁস হয়েছিল বলে অভিযোগ উঠেছে।